# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**

**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**

**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

## অফিস আদেশ নং- ৬০/২০২৬

কর্পোরেশনের সাময়িক বরখাস্তকৃত সুপারভাইজার **মিজ্ মাহমুদা আক্তার**, আইডি নং-২০১৪০০০১-কে জালিয়াতি ও প্রতারণার মাধ্যমে গৃহ নির্মাণ অগ্রিমের অর্থ গ্রহণ ও আত্মসাৎ করার দায়ে দোষী সাব্যস্ত করা হয়। তাঁর লিখিত জবাব, তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ/শৃঙ্খলা/আপিল ও জ্যেষ্ঠতা নির্ধারণ কমিটির সুপারিশ অনুযায়ী মিজ্ মাহমুদা আক্তার এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৫২ (১)(খ)(অ) এবং ৫২ (১)(খ)(আ) অনুযায়ী ২৭ জুলাই ২০২৬ তারিখ হতে নিম্নোক্ত গুরু দন্ড প্রদান করা হলো:

(ক) জালিয়াতি ও প্রতারণার মাধ্যমে গৃহ নির্মাণ অগ্রিমের অর্থ আত্মসাৎ করার দায়ে কর্পোরেশনের সাময়িক বরখাস্তকৃত সুপারভাইজার মিজ্ মাহমুদা আক্তার, আইডি নং- ২০১৪০০০১-কে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৫২ (১)(খ)(অ) অনুযায়ী তাঁর বর্তমান পদ সুপারভাইজার হতে একস্তর নিম্নপদ, অর্থাৎ কেয়ারটেকার পদে অবনমিত করা হলো;

(খ) মিজ্ মাহমুদা আক্তার, আইডি নং- ২০১৪০০০১ কর্তৃক গৃহীত গৃহ নির্মাণ অগ্রিমের সমুদয় পাওনা (আসল ও সুদ) আদায় না হওয়া পর্যন্ত তাঁর অনুকূলে আর কোনো প্রকার অগ্রিম বা আর্থিক সুবিধা প্রদান করা যাবে না;

(গ) মিজ্ মাহমুদা আক্তার, আইডি নং- ২০১৪০০০১ কর্তৃক গৃহ নির্মাণ অগ্রিম অর্থের সমপরিমাণ সম্পদ বিধি মোতাবেক কর্পোরেশনের অনুকূলে রেজিস্টার্ড মর্টগেজ সৃষ্টি করতে হবে;

(ঘ) মিজ্ মাহমুদা আক্তার, আইডি নং- ২০১৪০০০১ এর প্রাপ্য বাড়ি ভাড়া সম্পূর্ণ এবং প্রাপ্য বেতন-ভাতা ও অন্যান্য খাত হতে প্রতি বছরে ১.০০ (এক) লক্ষ টাকা আদায়ের মাধ্যমে গৃহ নির্মাণ অগ্রিম (আসল ও সুদ) সমন্বয় করা হবে;

(ঙ) মিজ্ মাহমুদা আক্তার, আইডি নং- ২০১৪০০০১ এর ভবিষ্যতে প্রাপ্য Incentive Bonus এর সম্পূর্ণ অর্থ গৃহ নির্মাণ অগ্রিম (আসল ও সুদ) এর সাথে সমন্বয় করতে হবে; এবং

(চ) সাময়িক বরখাস্তকালীন মিজ্ মাহমুদা আক্তার, আইডি নং- ২০১৪০০০১ খোরাকিভাতা ব্যতীত অন্য কোনো আর্থিক সুবিধা বা ভাতা প্রাপ্য হবেন না।

০২। এছাড়া, চাকুরি হতে অপসারণকৃত প্রাক্তন অফিস সহায়ক **মিজ্ আফছা বেগম**, আইডি নং- ২০০৮০০০৭ কর্তৃক জালিয়াতি ও প্রতারণার মাধ্যমে গৃহ নির্মাণ অগ্রিমের অর্থ গ্রহণ ও আত্মসাৎ করার অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ার প্রেক্ষিতে এবং চাকুরি হতে অপসারণকৃত প্রাক্তন অফিসার **জনাব মোঃ নিজাম উদ্দিন**, আইডি নং- ২০০৮০০২৪ কর্তৃক জালিয়াতিতে সহায়তা করার অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ার প্রেক্ষিতে তাঁদের লিখিত জবাব, তদন্ত কমিটির প্রতিবেদন পর্যালোচনা করে তাঁদের বিরুদ্ধে বিধি মোতাবেক ও প্রচলিত আইন অনুযায়ী প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট এবং ল' ডিপার্টমেন্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**(মোঃ মারুফ বিল্লাহ)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. জনাব/মিজ্
০২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।